

## দিনাজপুর শিক্ষা বোর্ডের ৮৪ কর্মচারীকে স্থায়ী নিয়োগ

### দিনাজপুর প্রতিনিধি

দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অস্থায়ী ৮৪ জনকে স্থায়ী নিয়োগপত্র প্রদান করা হয়েছে। আদালতের নির্দেশ অনুযায়ী রোববার সকাল সাড়ে ৯টা থেকে তারা স্থায়ীভাবে কাজে যোগদান করেন। বৃহস্পতিবার সন্ধ্যায় তাদের স্থায়ী নিয়োগপত্র প্রদান করা হয়।

২০০৭ সাল থেকে দিনাজপুর শিক্ষা বোর্ডের তৎকালীন চেয়ারম্যান তসলিমা বানুর আদেশ অনুযায়ী পর্যায়ক্রমে অস্থায়ী ভিত্তিতে কাজ করা ১০৯ কর্মচারী স্থায়ী নিয়োগের দাবিতে আন্দোলন করে আসছিলেন। ২০১০ সালের জুলাই মাসে শিক্ষা মন্ত্রণালয় অস্থায়ী কর্মচারীদের নিয়োগ দেয়া যাবে না এবং অস্থায়ীভাবে কাজে যোগদানের আদেশ বাতিল করলে কর্মচারীরা আন্দোলনে নামেন। ২০১২ সালে তারা মামলা করলে হাইকোর্ট শিক্ষা মন্ত্রণালয়ের আদেশ বাতিল করে স্থায়ী নিয়োগের আদেশ দেন। ১০৯ জনের মধ্যে কয়েকজনের বয়সসীমা পেরিয়ে যাওয়ায় ৮৪ জনকে নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করলেও কর্তৃপক্ষ তাদের নিয়োগ প্রদানে গরিমসি শুরু করে। এর প্রেক্ষিতে কর্মচারীরা ১৮ জন শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে অবরুদ্ধ এবং পরদিন থেকে অনির্দিষ্টকালের কর্মবিরতি শুরু করেন। পরে আদালতে রিট দাখলের করা হলে বৃহস্পতিবার তাদের স্থায়ী নিয়োগ প্রদানের আদেশ দেন। এরই পরিপ্রেক্ষিতে বোর্ড কর্তৃপক্ষ তাদের নিয়োগ প্রদান করে।